

# জাদু জানেন

কলকাতার নায়িকা শিনাকে ঢাকায় অধিক ব্যাস্ত করার জন্য নায়ক, প্রযোজক, পরিচালক রুবেল বেশ তৎপর। শিনাও কলকাতা থেকে নিয়মিত যোগাযোগ রাখছেন রুবেলের সঙ্গে। চলতি মাসেই নতুন দুটি ছবির কাজ করতে শিনা ঢাকায় আসছেন। এর পেছনেও নাকি রুবেলের হাত রয়েছে। ভারতীয় নায়িকাদের প্রতি রুবেল বরাবরই সহনশীল এবং যত্নশীল। বড় ভাই মাসুদ পারভেজ সোহেল রানাও এমন দয়াশীল ছিলেন বলে জানা যায়। অবশ্য কেউ কেউ বলছেন, আসলে শিনা জাদু জানেন। তাই রুবেলের মতো ব্লাক বেল্ট হোল্ডার মানুষটাকে কাবু করে দিয়েছেন। উল্লেখ্য, রুবেল ও শিনার 'রক্ত গরম' ছবিটি সম্প্রতি মুক্তি পেয়েছে। এই ছবির শুটিং এর মাধ্যমে দুজন খুব কাছাকাছি এসেছেন বলে গুজব রয়েছে।



কলকাতার নায়িকা শিনা

## টু ক রো



রিভারভিউ'-এর। তার সহ শিল্পীরা হলেন, ফয়সাল সহ অনেকে। বিজ্ঞাপনটি নির্মাণ করেছেন মাহাবুব আকন্দ।

## লন্ডন থেকে

একুশে টেলিভিশনের এসাইনমেন্ট নেয়া একটি ধারাবাহিক নাটকের শুটিং হওয়ার কথা ছিল লন্ডনে। কিন্তু একুশে বন্ধ হবার কারণে নাটকটির কার্যক্রম স্বাভাবিক গতিতে বন্ধ হয়। তবে একটি সূত্রে জানা যায় নাটকটির প্রযোজক সেলিম চৌধুরী তারপরও শমী কায়সার, মাহফুজ আহমেদ ও দীপা খন্দকারকে নিয়ে লন্ডনে গিয়েছেন। সেখানে আর ধারাবাহিক করেননি। করেছেন তিনটি এক ঘন্টার নাটক। টিম গেছে ১০ সেপ্টেম্বর। জানা গেছে, ওখান থেকে তৈরি করে আনা নাটক তিনটির একটি এবারের ঈদে প্রচারের জন্য জোর তদবির চলবে।

## বড় পর্দায়

ছোট পর্দার শিল্পীরা আবার ব্যস্ত হয়ে উঠছেন বড় পর্দায়। এক সময় জনপ্রিয় টিভি পর্দার জুটি আফজাল হোসেন ও সুবর্ণা মুস্তাফাও নজর দিয়েছিলেন বড় পর্দায়। এরপর বেশ কিছুটা সময় সাময়িক বিরতি। তাদের পর দু'একজন ছোট পর্দার শিল্পী আসেন বড় পর্দায়। তবে তারা তেমন আলোচিত ছিলেন না। বর্তমানে আলোচিত ছোট পর্দার কয়েকজন শিল্পীর বড় পর্দায় অভিনয়ের কথা শোনা যায়। এদের মধ্যে জাহিদ হাসান, শাহেদ, তিন্মির নাম উল্লেখযোগ্য। জাহিদ হাসান আনন্দমেলার ব্যানারে জি সরকার পরিচালিত 'প্রিয় সাথী' ছবিতে অভিনয় করার কথা। শেষ খবরে জানা যায়, তিন্মি এ ছবি থেকে বাদ পড়ছেন।

## আ চ র ণে

পূনিমার চোখের অসুখটা আবার বেড়েছে। এখন দূর থেকে কেন কাছ থেকেও কাউকে চিনতে পারছেন না। বিশেষ করে আমেরিকা থেকে ফেরার পর তার এই অবনতি। কথাবার্তায় যেন পরিবর্তন এসেছে। তার আচার আচরনে মনে হয় আমেরিকা থেকে কয়েকদিনের জন্য বেড়াতে এসেছেন। পূনিমার এমন ব্যবহারে কষ্ট পাচ্ছেন তার কাছের লোকগুলো। এমনকি তার মাও মেয়ের সঙ্গে মন খুলে কথা বলতে পারছেন না বলে জানা যায়।

## দুর্দিন

ময়ূরির এখন চলছে দুর্দিন। সময়ও ভালো যাচ্ছে না। আগের মতো হাতে ছবিও নেই। ময়ূরির ব্যাস্ত আসনটা এখন পলির দখলে। একের পর এক পলি সাইন করে চলছে বিতর্কিত হবে এমন সব ছবি। হতাশ ময়ূরি তাই ভালো পরিচালকদের সঙ্গে যোগাযোগে ব্যস্ত। জানা যায়, নায়িকা নয় চরিত্র শিল্পী হিসাবেও কাজ করতে তিনি আগ্রহী। ভবিষ্যৎ ক্যারিয়ারের জন্য ময়ূরির এমন সিদ্ধান্তে অনেকেই সাধুবাদ জানিয়েছেন।

## নতুন

### বিজ্ঞাপনে

নতুন বিজ্ঞাপনে আফসানা মিমি। আর এই বিজ্ঞাপনটি হলো বসুন্ধরা গ্রুপের নতুন আবাসিক প্রকল্প 'বসুন্ধরা